গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dgme.gov.bd

স্মারক নংঃ- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৫.১০৯৯ তারিখ : ২৭/০৩/২০২৫ খ্রিঃ

## -বিজ্ঞপ্তি-

**বিষয় ঃ ২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস কোর্সে বেসরকারি মেডিকেল কলেজসমূহে ভর্তিচ্ছু দেশী শিক্ষার্থীদের ভর্তি সম্পর্কিত নির্দেশাবলীঃ**

অনলাইনে প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে ২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষে বেসরকারি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস কোর্সে দেশী শিক্ষার্থীদের স্ব-অর্থায়নে ভর্তির জন্য স্বয়ংক্রিয় সফটওয়্যার এর মাধ্যমে মেধা ও পছন্দক্রম অনুযায়ী নির্বাচিত শিক্ষার্থীদের নিশ্চায়ন সাপেক্ষে কলেজ ভিত্তিক শিক্ষার্থীদের তালিকা প্রস্তুত করা হয়েছে। বর্ণিত শিক্ষার্থীদের আগামী ১০/০৪/২০২৫ খ্রি. তারিখ হতে ২০/০৪/২০২৫ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন ঐচ্ছিক মাইগ্রেশন এর মাধ্যমে অন্য মেডিকেল কলেজে বদলীর সুযোগ থাকবে।

২. কলেজ ভিত্তিক নির্বাচিত স্ব-অর্থায়নে ভর্তিচ্ছু দেশী শিক্ষার্থীগণের তালিকা ও ভর্তি সংক্রান্ত তথ্য স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইট www.dgme.gov.bd ও স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd এবং সংশ্লিষ্ট বেসরকারি মেডিকেল কলেজ থেকে জানা যাবে।

৩. অধ্যক্ষ কর্তৃক গঠিত স্থানীয় ভর্তি কমিটি নির্বাচিত ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের আবেদনপত্রের সাথে দাখিলকৃত সকল মূল সনদপত্রসমূহ যাচাই পূর্বক অবশ্যই জমা রাখবেন। সংশ্লিষ্ট মেডিকেল কলেজের অধ্যক্ষ কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড ভর্তির পূর্বে শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা করবেন। উল্লিখিত নিয়মাবলী সম্পাদনের পর যোগ্য প্রার্থীদেরকে সাময়িকভাবে ভর্তি করা হবে। ভর্তি পরবর্তী সময়ে অনলাইন ঐচ্ছিক মাইগ্রেশন প্রক্রিয়ায় কোন শিক্ষার্থী নিয়মানুযায়ী কোনো কলেজে আসন বরাদ্ধ প্রাপ্ত হলে কলেজ কর্তৃপক্ষ ভর্তির সময় শিক্ষার্থী কর্তৃক দাখিলকৃত মূল সনদপত্র শিক্ষার্থীকে ফেরত প্রদান করবেন।

ভর্তির জন্য প্রয়োজনীয় দলিলাদিসমূহঃ

(ক) ২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস ভর্তি পরীক্ষার প্রবেশপত্র
(খ) শিক্ষার্থীর বর্ণিত এমবিবিএস ভর্তি পরীক্ষার রেজাল্টের কপি
(গ) এইচএসসি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড
(ঘ) এসএসসি/সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র
(ঙ) এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাসের মূল সনদপত্র/প্রশংসা পত্র
(চ) এ লেভেল ও লেভেল মাধ্যমে পাশকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত নম্বর সমতাকরণ পত্র
(ছ) নাগরিকত্বের সনদপত্র/জন্ম নিবন্ধন সনদের কপি
(জ) চার কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি

৪. ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের অনলাইনে পুরন করা আবেদন ফরমে প্রদত্ত ছবি ও প্রবেশ পত্রের ছবি একই রূপ হতে হবে। অনলাইন আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদির স্বপক্ষে পরিক্ষার্থী কর্তৃক প্রমাণক প্রদানে ব্যর্থ হলে বা প্রদানকৃত তথ্য অসত্য বলে প্রতীয়মান হলে যে কোন সময় তার ভর্তি বাতিল করা হবে; এছাড়া ভর্তি পরবর্তী সময়ে যদি কোনো শিক্ষার্থীর দাখিলকৃত দলিলাদির মধ্যে ভুলত্রুটি পরিলক্ষিত হয়, তবে তার ভর্তি বাতিল হবে এবং উভয় ক্ষেত্রে শাস্তিমুলক ব্যবস্থা গ্রহণের জন্য আইন প্রয়োগকারী সংস্থাকে অবহিত করতে হবে।

৫. জাতীয় মেধা ও পছন্দক্রম অনুযায়ী শিক্ষার্থীদের বেসরকারি মেডিকেল কলেজসমূহে আসন বরাদ্দ করা হয়েছে। সংশ্লিষ্ট মেডিকেল কলেজে নির্বাচিত শিক্ষার্থীগণ বর্ণিত সময়ে (১০/০৪/২০২৫ খ্রি. থেকে ২০/০৪/২০২৫ খ্রি.) তারিখের মধ্যে জনপ্রতি প্রাথমিকভাবে ১ (এক) লক্ষ টাকা জমা প্রদান করে ভর্তি হবেন এবং সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অবশিষ্ট অর্থ অনলাইন ঐচ্ছিক মাইগ্রেশন পরবর্তী সময়ে কলেজে জমা প্রদান করবেন। ভর্তি পরবর্তী সময়ে অনলাইন ঐচ্ছিক মাইগ্রেশন প্রক্রিয়ায় কোন শিক্ষার্থী অন্য কোনো কলেজে আসন বরাদ্ধ প্রাপ্ত হলে কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থী কর্তৃক দাখিলকৃত মূল সনদপত্রের সাথে উল্লিখিত ১ (এক) লক্ষ টাকা শিক্ষার্থীকে ফেরত প্রদান করবেন। কোন অবস্থাতেই কোনো শিক্ষার্থী হতে সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না। এক্ষেত্রে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের চিকিৎসা শিক্ষা-১ শাখার ০৬/১১/২০২৪খ্রি. তারিখের ৬৪৯ নং স্মারক প্রযোজ্য হবে।

৬. ভর্তির পর প্রত্যেক কলেজ কর্তৃপক্ষ প্রত্যেক শিক্ষার্থীর এসএসসি, এইচএসসি বা সমমান পরীক্ষার সনদ ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের মাধ্যমে সত্যতা যাচাই করবেন। O Level এবং A Level মাধ্যম হতে পাশকৃত ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মূল নম্বরপত্র ও সনদপত্র/প্রশংসাপত্র এবং স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর প্রদত্ত নম্বর সমতাকরণ সনদ অবশ্যই নিরীক্ষান্তে জমা রাখতে হবে।

৭. অনলাইন ঐচ্ছিক মাইগ্রেশন শেষে ভর্তিরত শিক্ষার্থীদের নামের তালিকা বেসরকারি মেডিকেল কলেজ কর্তৃক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের স্টুডেন্ট ওয়েবপোর্টালে অন্তর্ভূক্ত করতে হবে।

চলমান পাতা/২

৮. কোনো শিক্ষার্থী কোন কলেজে পড়তে অনিচ্ছুক হলে সেই শিক্ষার্থী এবং তার অভিভাবক অধ্যক্ষের নিকট লিখিতভাবে ভর্তি বাতিলের আবেদন করে মূল সার্টিফিকেট/নম্বরপত্র ফেরত নিতে পারবেন। অনলাইন ঐচ্ছিক মাইগ্রেশন শেষে চূড়ান্ত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর কোনো শিক্ষার্থী ভর্তি বাতিল করলে তার অনুমোদন সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট কলেজের ব্যবস্থাপনায় গ্রহণ করতে হবে। এ ক্ষেত্রে আর্থিক বিষয়াদির দায়দায়িত্ব স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর বহন করবে না।

৯. অনলাইনে প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে নম্বর সমতাকরণ পূর্বক স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক ওয়েবসাইটে প্রকাশিত তালিকা ও শর্তানুযায়ী বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিলের নীতিমালার আলোকে যোগ্য বিদেশী শিক্ষার্থীদের ভর্তি কার্যক্রম বেসরকারি মেডিকেল কলেজসমূহ সম্পন্ন করতে পারবে।

১০. ভর্তিকৃত ও অভর্তিকৃত দেশি শিক্ষার্থীদের নামের তালিকা আগামী ২১/০৪/২০২৫ তারিখের মধ্যে নিম্নেবর্ণিত ছকে হার্ডকপি পরিচালক, চিকিৎসা শিক্ষা, (স্বাস্থ্য অধিদপ্তর পুরাতন ভবন ২য় তলা) ও সফটকপি e-mail: medicaledu313@gmail.com এ পাঠাতে হবে।

১১. যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৭/৩/২০২৫

অধ্যাপক ডা. মোঃ মহিউদ্দিন মাতুব্বর
পরিচালক, (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-০২-৪৮৮১১২০০
e-mail: medicaledu313@gmail.com

স্মারক নংঃ- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৫.১০৯৯ — তারিখ : ২৭/০৩/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব)
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ:- সচিব মহোদয়ের একান্ত সচিব)।
৩. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।(দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক, প্রশাসন-১)
৪. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সভাপতি, এমবিবিএস, বিডিএস ২০২৪-২০২৫ ভর্তি পরীক্ষা কমিটির উপদেষ্টা মন্ডলী।
৬. সভাপতি, এমবিবিএস, বিডিএস ২০২৪-২০২৫ ভর্তি পরীক্ষা কমিটি।
৭. যুগ্ম সচিব (চিকিৎসা শিক্ষা) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর/উপ পরিচালক (আর্থিক ব্যবস্থাপনা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধ সহ)
১১. বেসরকারি মেডিকেল কলেজ----(সকল)
১২. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ এসোসিয়েশন।
১৩. অফিস কপি।